***গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার***
আইন কমিশন
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবন
১৫ কলেজ রোড, ঢাকা -১০০০
ফ্যাক্স : ০২-৯৫৮৮৭১৪
ই-মেইল : info@lc.gov.bd
ওয়েব : www.lc.gov.bd

# ***The Small Cause Courts Act, 1887( Act No.IX of 1887) বিলোপকরণ সংক্রান্ত আইন কমিশনের সুপারিশঃ***

***ভূমিকা:***

আইন কমিশন দেশের প্রচলিত আইনসমূহ পরীক্ষা-নিরিক্ষা ও যুগোপযোগী সংস্কার অথবা ক্ষেত্রমত নূতন আইন প্রণয়ন করার জন্য সরকারের নিকট সুপারিশ পেশ করার জন্য আইন কমিশন আইন, ১৯৮৬ দ্বারা ক্ষমতা প্রাপ্ত। কমিশন এই লক্ষ্যে ১৩১ বছরের পুরাতন ***The Small Cause Courts Act, 1887( Act No. IX of 1887)*** আইনটি বিশদ পর্যালোচনা করেছে।

এদেশে প্রচলিত ও বর্তমানে সবচেয়ে কম ব্যবহৃত আইনসমূহের মধ্যে ***The Small Cause Courts Act, 1887( Act No. IX of 1887)*** অন্যতম। এ আইন প্রণয়নের লক্ষ্য ও উদ্দেশ্য ছিল নিম্নরূপঃ

"An Act to consolidate and amend the law relating to Courts of Small Causes."

অর্থাৎ ছোট মামলার আদালত সংক্রান্ত তৎকালীন আইনসমূহের প্রয়োজনীয় সংশোধনীসহ একত্রীকরণের উদ্দেশ্যেই আইনটি প্রণয়ন করা হয়।

তৎকালীন ভারত সরকার ১৮৮৭ সালে ***"The Provincial Small Cause Courts Act, 1887(Act No IX of 1887)"*** আইনটি পাশ করে যা ঐ সময়ে দেশের জনগণ দ্বারা সাদরে সমাদৃত হয়। ঐ আইনের অধীনে গঠিত আদালতে ছোট ছোট বিষয়ে জনগণ স্বল্প খরচে দ্রুততর সময়ে মৌলিক ন্যায়বিচার পেতে থাকে।

১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীন হওয়ার পর ***The Bangldesh Laws (Revision and Declaration) Act, 1973 (Act VIII of 1973)*** দ্বারা '***Provincial***' শব্দটি বাদ দিয়ে ***"The Small Cause Courts Act, 1887(Act No IX of 1887)"*** নামে আইনটি বলবৎ রাখা হয়। কিন্তু স্থাবর-অস্থাবর সম্পত্তির অধিক মূল্য বৃদ্ধির কারণে কালক্রমে আইনটি কার্যকারিতা হারায়। শুরুর দিকে আইনটির ১৫(২) ধারা মোতাবেক ৫০০ রুপি পর্যন্ত মূল্যমানের দেওয়ানি মামলা বিচারের এখতিয়ার Small Cause Courts এর ছিল। পরবর্তীতে উক্ত মূল্যমান ১৯৬২ সালে ১০০০ রুপি, ১৯৭৮ সালে ২৫০০ টাকা, ১৯৮৩ সালে ১২০০০ টাকা এবং সর্বশেষ ১৯৯০ সালে ২৫০০০ টাকায় উন্নীত করা হয়। আবার, ১৫(৩) ধারা মোতাবেক বিশেষ ক্ষেত্রে প্রাদেশিক সরকার ১০০০ টাকা পর্যন্ত মূল্যমানের সকল দেওয়ানি মামলা বিচারের এখতিয়ার Small Cause Courts এর থাকবে মর্মে আদেশ দিতে পারতো। পরবর্তীতে উক্ত মূল্যমান ১৯৬২ সালে ২০০০ রুপি, ১৯৭৮ সালে ৬০০০ টাকা, ১৯৮৩ সালে ১৫০০০ টাকা এবং সর্বশেষ ১৯৯০ সালে ৩০০০০ টাকায় উন্নীত করা হয়।

***প্রেৰাপট:***

১৩১ বছরের পুরাতন ***The Small Cause Courts Act, 1887 ( Act No.IX of 1887)*** আইনটির কার্যকারিতা বর্তমানে নেই বললেই চলে। নির্দিষ্ট মূল্যমানের বিভিন্ন শ্রেণির দেওয়ানি মামলা বিচারের এখতিয়ার এ আইনের অধীনে গঠিত আদালতের থাকলেও বর্তমানে কেবল বাড়ী ভাড়া সংক্রান্ত মামলাই এ আদালতে দায়ের হয়। এ আইনের উদ্দেশ্য ছোট ছোট দেওয়ানি বিরোধ সহজে, স্বল্প খরচে ও দ্রুততার সাথে নিষ্পত্তি করা। কিন্তু এ আইনে মামলা নিষ্পত্তির কোন সময়সীমা না থাকায় বছরের পর বছর মামলা বিচারাধীন থেকে পক্ষদের হয়রানী ও অপূরণীয় ক্ষতির কারণ হয়।

***প্রয়োজনীয়তা ও যৌক্তিকতা:***

সারাদেশে ***The Small Cause Courts Act, 1887 ( Act No.IX of 1887)*** এর অধীনে ২০০৮ খ্রিস্টাব্দের ০১ জানুয়ারী হতে ৩১ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ পর্যন্ত দায়েরকৃত এবং বিদ্যমান মামলাসমূহের পরিসংখ্যান:

| ক্রমিক নং | জেলার নাম | মোট দায়ের | মোট নিষ্পত্তি | স্থগিত | বিচারাধীন |
|---|---|---|---|---|---|
| ০১ | ঢাকা | ২৩৩৯ | ১১৫৯ | ---- | ২৩৯২ |
| ০২ | নারয়নগঞ্জ | ৬৫ | ৫৭ | ---- | ০৮ |
| ০৩ | গাজীপুর | ০৯ | ---- | ---- | ০৯ |
| ০৪ | মুন্সীগঞ্জ | ০৩ | ০২ | ---- | ০১ |
| ০৫ | নরসিংদী | ০৪ | ০১ | ---- | ০৩ |
| ০৬ | কিশোরগঞ্জ | ৩৬ | ২৯ | ---- | ২৪ |
| ০৭ | গোপালগঞ্জ | ---- | ---- | ---- | ---- |
| ০৮ | রাজবাড়ী | ৩৪ | ১৭ | ---- | ১৭ |
| ০৯ | মানিকগঞ্জ | ০৬ | ০৩ | ---- | ০৩ |
| ১০ | টাঙ্গাইল | ০৬ | ০২ | ---- | ০৪ |
| ১১ | ফরিদপুর | ৩২ | ১৭ | ---- | ১৫ |
| ১২ | শরীয়তপুর | ---- | ---- | ---- | ---- |
| ১৩ | মাদারীপুর | ---- | ---- | ---- | ---- |
| ১৪ | চট্টগ্রাম | ৩৭৫ | ২৯৯ | ০৯ | ২২১ |
| ১৫ | কক্সবাজার | ৪৩ | ২৩ | --- | ২০ |
| ১৬ | বান্দরবান | ০১ | ০১ | ---- | ---- |
| ১৭ | খাগড়াছড়ি | ---- | ---- | ---- | ---- |
| ১৮ | নোয়াখালী | ১০ | ০৪ | ---- | ০৮ |
| ১৯ | ফেনী | ২০ | ১৫ | ---- | ০৫ |
| ২০ | লক্ষীপুর | ০৭ | ---- | ---- | ০৭ |
| ২১ | কুমিল্লা | ৮৫ | ৫৪ | ০৭ | ২৪ |
| ২২ | ব্রাহ্মণবাড়িয়া | ৩৫ | ১৫ | ---- | ২০ |
| ২৩ | চাঁদপুর | ২২ | ১৫ | ---- | ০৭ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২৪ | রাঙ্গামাটি | ---- | ---- | ---- | ---- |
| ২৫ | রাজশাহী | ৯৫ | ৩৫ | ০১ | ৬০ |
| ২৬ | চাঁপাইনবাবগঞ্জ | ৪৬ | ২০ | ---- | ২৬ |
| ২৭ | নওগাঁ | ৭৩ | ৬৯ | ---- | ৩৭ |
| ২৮ | নাটোর | ৫৪ | ৪২ | ০১ | ১২ |
| ২৯ | বগুড়া | ১৪৫ | ৫১ | ---- | ৯৪ |
| ৩০ | জয়পুরহাট | ২৪ | ১১ | ---- | ১৩ |
| ৩১ | পাবনা | ৪০ | ১৬ | ০১ | ২৩ |
| ৩২ | সিরাজগঞ্জ | ০৬ | ০৪ | ---- | ০২ |
| ৩৩ | খুলনা | ৮৪ | ৫৯ | ০১ | ৪৪ |
| ৩৪ | বাগেরহাট | ২২ | ০৯ | ---- | ১৩ |
| ৩৫ | যশোর | ১১৫ | ৩৫ | ০২ | ৭৮ |
| ৩৬ | কুষ্টিয়া | ১৪৬ | ১১৬ | ০২ | ৮০ |
| ৩৭ | ঝিনাইদহ | ৩৫ | ১৩ | ০১ | ২১ |
| ৩৮ | সাতক্ষীরা | ২১ | ১৩ | ---- | ০৮ |
| ৩৯ | মাগুরা | ১৩ | ০৯ | ---- | ১১ |
| ৪০ | নড়াইল | ০১ | ০১ | ---- | ---- |
| ৪১ | মেহেরপুর | ০৭ | ---- | ---- | ০৭ |
| ৪২ | চুয়াডাঙ্গা | ২৮ | ১০ | ---- | ১৮ |
| ৪৩ | বরিশাল | ১৫ | ০৫ | ---- | ১০ |
| ৪৪ | ভোলা | ০১ | ---- | ---- | ০১ |
| ৪৫ | পটুয়াখালী | ০২ | ---- | ---- | ০২ |
| ৪৬ | ঝালকাঠি | ০৩ | ---- | ---- | ০৩ |
| ৪৭ | পিরোজপুর | ০২ | ০১ | ---- | ০১ |
| ৪৮ | বরগুনা | ---- | ---- | ---- | ---- |
| ৪৯ | সিলেট | ২০৫ | ১৭৮ | ---- | ৭৮৫ |
| ৫০ | সুনামগঞ্জ | ১২ | ০৭ | ---- | ০৫ |
| ৫১ | মৌলভীবাজার | ০৪ | ০১ | ---- | ০৫ |
| ৫২ | হবিগঞ্জ | ০৫ | ---- | ---- | ০৫ |
| ৫৩ | রংপুর | ৫৬ | ২৩ | ০১ | ৩২ |
| ৫৪ | গাইবান্ধা | ৩৬ | ২৩ | ---- | ২৫ |
| ৫৫ | কুড়িগ্রাম | ০৩ | ০২ | ---- | ০১ |
| ৫৬ | নীলফামারী | ৩৮ | ৩৫ | ---- | ০৯ |
| ৫৭ | লালমনিরহাট | ০৬ | ০৫ | ---- | ০৩ |
| ৫৮ | দিনাজপুর | ৬৮ | ২১ | ---- | ৪৭ |
| ৫৯ | ঠাকুরগাঁও | ---- | ---- | ---- | ---- |
| ৬০ | পঞ্চগড় | ০৮ | ০৬ | ---- | ০২ |
| ৬১ | ময়মনসিংহ | ৭৫ | ৪৪ | ০১ | ৩১ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬২ | জামালপুর | ২৯ | ১৪ | ---- | ১৫ |
| ৬৩ | শেরপুর | ---- | ---- | ---- | ---- |
| ৬৪ | নেত্রকোনা | ০৬ | ০৬ | ---- | ---- |
| ***মোট*** | **=** | ***৪৬৬১*** | ***২৫৯৭*** | ***২৭*** | ***৪৩১৭*** |

আইন কমিশনের চাহিদাছক অনুযায়ী সারা দেশ হতে প্রাপ্ত তথ্য মোতাবেক বিগত ১০ বছরে (২০০৮-২০১৭) এই আইনের অধীনে দেশে মোট ৪৬৬১টি মামলা দায়ের হয়, ২৫৯৭টি  মামলা নিষ্পত্তি হয় এবং বর্তমানে ৪৩১৭টি মামলা বিচারাধীন আছে, যার মধ্যে ২৭টি মামলা উচ্চ আদালতের নির্দেশে স্থগিত রয়েছে। ঢাকা (২৩৯২), চট্টগ্রাম (২২১) ও সিলেট (৭৮৫) ব্যতিত দেশের অন্যান্য জেলায় বিচারাধীন মামলার সংখ্যা নগন্য। ১১টি জেলায় এ আইনের কোন মামলা বিচারাধীন নেই, অনেকদিন যাবৎ এই জেলাগুলোতে এই আইনে কোন মামলা দায়েরও হচ্ছে না। ০৪টি জেলায় ০১টি করে, ০৩টি জেলায় ০২টি করে, ০৪টি জেলায় ০৩টি করে, ০১টি জেলায় ০৪টি, ০৪টি জেলায় ০৫টি করে, ০৩টি জেলায় ০৭টি করে, ০২টি জেলায় ০৮টি করে, ০২টি জেলায় ০৯টি করে, ০১টি জেলায় ১০টি,  ০১টি জেলায় ১১টি, ০১টি জেলায় ১২টি, ০২টি জেলায় ১৩টি করে, ০১টি জেলায় ১৫টি মামলা এই আইনের আওতায় দায়েরকৃত আছে। ***গ্রাম আদালত আইন, ২০০৬ (২০০৬ সনের ১৯ নং আইন)*** অনুযায়ী গঠিত গ্রাম আদালতের দেওয়ানি এখতিয়ার বর্তমানে ৮.৭৫০০০ টাকা। বিচারাধীন প্রায় সকল মামলাই বাড়ী ভাড়া সংক্রান্ত। বাড়ী ভাড়া সংক্রান্ত বিরোধ নিষ্পত্তির জন্য রয়েছে ***বাড়ী ভাড়া নিয়ন্ত্রণ আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৩ নং আইন)***। ফলে ***The Small Cause Courts Act, 1887 ( Act No.IX of 1887)*** আইনটি অপ্রয়োজনীয় ও অকার্যকর হয়ে পড়েছে।

***গবেষণা কার্যক্রম:***

সংশ্লিষ্ট কয়েকজন ভূক্তভোগী নাগরিক, সাংবাদিক, আইনজীবী ও বিচারকগণের অনুরোধে আইন কমিশন সারাদেশে ***The Small Cause Courts Act, 1887 ( Act No.IX of 1887)*** এর ব্যবহার, প্রয়োগ ও বাস্তবতার নিরিখে এর প্রয়োজনীয়তা সম্পর্কে গবেষণা কার্য আরম্ভ করে। প্রাথমিকভাবে বাংলাদেশ সুপ্রীম কোর্ট হতে এ আইনের অধীনে সারাদেশে বিচারাধীন মামলা সংক্রান্ত পরিসংখ্যান সংগ্রহ ও বিশ্লেষণ করা হয়। অতঃপর জেলা জজ আদালত, ঢাকা -এ সরজমিনে গিয়ে সার্বিক তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়। সকল জেলা জজ আদালতে কমিশনের মুখ্য গবেষণা কর্মকর্তার স্বাক্ষরিত পত্রে নির্ধারিত ছকে ***The Small Cause Courts Act, 1887 ( Act No.IX of 1887)*** এর অধীনে বিগত ১০ বছরে (২০০৮-২০১৭) দায়েরকৃত, নিষ্পত্তিকৃত ও বর্তমানে বিচারাধীন মামলার তথ্য চাওয়া হয়। দেশের সকল জেলা হতে নির্ধারিত ছক মোতাবেক তথ্য পাওয়া যায়। উক্ত তথ্য সম্পর্কে কয়েকজন ভূক্তভোগী নাগরিক, সাংবাদিক, আইনজীবীসহ দেশের বিশিষ্ট নাগরিকদের সহিত মত বিনিময় করা হয়। সকল বাস্তবতার নিরিখে ***The Small Cause Courts Act, 1887 ( Act No.IX of 1887)*** আইনটির প্রয়োজনীয়তা নেই মর্মে কমিশন অভিমত প্রদান করেন।

উপর্যুক্ত অবস্থার প্রেক্ষিতে নিম্লোক্ত কারণে আইন কমিশন ***The Small Cause Courts Act, 1887 ( Act No.IX of 1887)*** আইনটি বিলোপকরণের সুপারিশ করছে-

***খসড়া বিলঃ***

আইন কমিশনের উপরোক্ত সুপারিশের আলোকে ***The Small Cause Courts Act, 1887 (ACT NO. IX OF 1887)***এর বিলোপ সাধন কল্পে নিম্নোক্ত খসড়া বিল সংযুক্ত করা হলোঃ-

## *The Small Cause Courts (Repealed) Act, 2018*
*(Act No. --- of 2018)*

যেহেতু বর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে ***The Small Cause Courts Act, 1887 (ACT NO. IX OF 1887)*** এর বিলোপ সাধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ-

সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন

১। (১) এই আইন ***The Small Cause Courts (Repealed) Act, 2018*** নামে অভিহিত হইবে।

২।(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

***ACT NO. IX OF 1887*** রহিতকরণ

২। (১) ***The Small Cause Courts Act, 1887 (ACT NO. IX OF 1887)***, অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্ত আইন রহিত হইবার সঙ্গে সঙ্গে-

(ক) উক্ত আইনের অধীনে গঠিত সকল " Court of Small Causes", অতঃপর বিলুপ্ত আদালতসমূহ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল;

(খ) বিলুপ্ত আদালতসমূহে বিচারাধীন মামলাসমূহ যথারীতি সংশ্লিষ্ট দেওয়ানি আদালতেই দেওয়ানি মোকদ্দমা হিসাবে চলিতে থাকিবে।

(স্বাক্ষরিত)
২৪.১২.২০১৮
(বিচারপতি এ. টি. এম. ফজলে কবীর)
সদস্য

(স্বাক্ষরিত)
২৪.১২.২০১৮
(বিচারপতি এ. বি. এম. খায়রুল হক )
চেয়ারম্যান